

ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশন  
প্রধান কার্যালয়  
পল্লী ভবন (৭ম তলা)  
৫, কাওরান বাজার, ঢাকা-১২১৫

**ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশন (এসএফডিএফ) এর ইনোভেশন টিমের ,২০১৫ তারিখে অনুষ্ঠিত  
১ম সভার কার্যবিবরণী।**

বিগত ০৬।১০।২০১৫ তারিখে ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশন (এসএফডিএফ) এর ইনোভেশন টিমের সভা ফাউন্ডেশনের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়। সভার সভাপতিত্বে করেন ফাউন্ডেশনের মহাব্যবস্থাপক জনাব মোঃ গোলাম মোস্তফা। সভায় প্রতিনিধি হিসাবে পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের প্রোগ্রামার জনাব মোঃ মোনায়েম উদ্দিন চৌধুরী উপস্থিত ছিলেন। সভায় উপস্থিত কর্মকর্তাদের তালিকা পরিশিষ্ট "ক" তে দৃষ্টব্য।

**২। উপস্থাপনাঃ**

সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের প্রতিনিধি জনাব মোঃ মোনায়েম উদ্দিন চৌধুরী ,প্রোগ্রামার সহ উপস্থিত সকলকে ধন্যবাদ জানায়।।

**৩। আলোচনাঃ**

উক্ত সভায় আলোচকগণ এসএফডিএফ আইসিটি কার্যক্রম নিয়ে ব্যাপক আলোচনা করেন। তন্মধ্যে , মন্ত্রণালয়ের প্রতিনিধি জনাব মোঃমোনায়েম উদ্দিন চৌধুরী বলেন এসএফডিএফ এর বর্তমান ওয়েবসাইট-টি বাংলাদেশ ওয়েবপোর্টালে অর্ন্তভুক্ত করা যেতে পারে এবং বিভিন্ন সুযোগ-সুবিধার কথা বলেন। তিনি আরো উল্লেখ করেন যে ওয়েবসাইট টি এটুআই এর মাধ্যমে মন্ত্রণালয়ের আদলে আপডেট করা যেতে পারে। এসএফডিএফ এর সেবার সাথে আইসিটি নীতিমালার সংশ্লিষ্ট বিষয়গুলো নিয়ে আলোচনা করা হয়। প্রতি মাসে অন্ততঃ একবার ইনোভেশন টিমের মিটিং করার বিষয়ে পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের নির্দেশনা রয়েছে কিন্তু বিগত সময়ে কোন সভা করা হয়নি। তবে ভবিষ্যতে প্রতিমাসে সভা করে যথারীতি পল্লী উন্নয়ন ও সমবায়বিভাগে কার্যবিবরণী প্রেরণের ব্যবস্থা নেয়া হবে। বিস্ফেএ আলোচনা সিদ্ধান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়।

**সিদ্ধান্ত**

- ১। এসএফডিএফ এর বর্তমান ওয়েবসাইটটি বাংলাদেশ ওয়েবপোর্টালে অর্ন্তভুক্ত করতে হবে।
- ২। এসএফডিএফ এর বর্তমান ওয়েবসাইটটি বাংলা ও ইংরেজী দুই ভাষন- এ রূপান্তর করণ।
- ৩। এসএফডিএফ এর সকল অফিস আদেশ নিজস্ব ওয়েবসাইট-এ প্রকাশ করা।
- ৪। অফিসিয়াল কাজে ইউনিকোড ব্যবহার নিশ্চিতকরতে হবে।
- ৫। প্রতিটি উপজেলায় কম্পিউটার প্রেরণের পর এর সকল কার্যক্রম বাস্তবায়ন দ্রুত সম্পন্ন করতে হবে।

আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষিত/-  
১১/১০/২০১৫  
মোঃ গোলাম মোস্তফা  
মহাব্যবস্থাপক (চঃদাঃ)  
ও  
সভাপতি